




ঢাকায় আবারও ৪.১ মাত্রার ভূমিকম্প অনুভূত



সংগৃহীত ছবি

রাজধানী ঢাকা ও আশপাশের এলাকায় বৃহস্পতিবার ভোরে আবারও মৃদু ভূমিকম্প অনুভূত হয়েছে। ইউরোপীয় মেডিটেরিয়ান সিসমোলজিক্যাল সেন্টারের (ইএমএসসি) তথ্য অনুযায়ী, রিখটার স্কেলে কম্পনের মাত্রা ছিল ৪.১।

ভোর ৬টা ১৪ মিনিটে অনুভূত এই কম্পনের উৎপত্তিস্থল ছিল নরসিংদী অঞ্চল, যা টঙ্গী থেকে প্রায় ২০ কিলোমিটার পূর্ব-উত্তরপূর্ব দিকে। ভূমিকম্পটির গভীরতা ভূপৃষ্ঠ থেকে ৩০ কিলোমিটার ছিল বলে কেদ্রটি জানায়।

এর আগে চলতি সপ্তাহের শুরুতে সোমবার রাত ১২টা ৫৭ মিনিটে কক্সবাজার ও চট্টগ্রাম উপকূলীয় এলাকায় ভূমিকম্প অনুভূত হয়। কক্সবাজার শহর, উখিয়া, চকরিয়া—সব অঞ্চলের মানুষই সেদিন কম্পন টের পান।

গত নভেম্বরের ২১ ও ২২ তারিখে মাত্র দুই দিনের ব্যবধানে চার দফা ভূমিকম্প কেঁপে ওঠে দেশের দক্ষিণ-পূর্বাঞ্চল। ২১ নভেম্বরের ৫.৭ মাত্রার ভূমিকম্পে প্রাণ হারান ১০ জন, আর কম্পনের তীব্রতায় এলাকায় ব্যাপক আতঙ্ক ছড়িয়ে পড়ে।